গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
(সরকারি মাধ্যমিক-১)
**www.shed.gov.bd**

বিষয় : **প্রাইম মিনিস্টার্স গোল্ডকাপ জাতীয় ফুটবল প্রতিযোগিতা ২০২৬ আয়োজনের লক্ষ্যে আয়োজিত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব আবদুল খালেক<br>সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : | ২৩ আষাড় ১৪৩৩ বঙ্গাব্দ, ০৭ জুলাই ২০২৬ খ্রি, সময় : দুপুর ০২:০০ ঘটিকা। |
| স্থান | : | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষ। |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক'। |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় শিক্ষা মন্ত্রণালয় ও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী এবং মাননীয় প্রধানমন্ত্রীর শিক্ষা উপদেষ্টা উপস্থিত ছিলেন। সভায় শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী সংসদের জরুরি প্রয়োজন থাকায় সভাপতিকে সভার কার্যক্রম চালিয়ে নেয়ার অনুরোধ জানান। পরবর্তীতে সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) সভার আলোচ্যসূচি অনুযায়ী প্রাইম মিনিস্টার্স গোল্ডকাপ জাতীয় ফুটবল প্রতিযোগিতা ২০২৬ বাস্তবায়ন বিষয়ে সভাকে অবহিত করেন। সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

সচিব সভায় উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন যে, মাননীয় প্রধানমন্ত্রী প্রাইম মিনিস্টার্স গোল্ডকাপ ফুটবল প্রতিযোগিতা শুরু করার সম্মতি প্রদান করেছেন। সুতরাং সুষ্ঠ ও সুন্দরভাবে প্রাইম মিনিস্টার্স গোল্ডকাপ ফুটবল প্রতিযোগিতা আয়োজনের বিষয়ে আলোচনার জন্য সবাইকে অনুরোধ করেন।

**আলোচনা:**
আলোচনায় অংশ নিয়ে মাননীয় প্রধানমন্ত্রীর শিক্ষা উপদেষ্টা মহোদয় সভাকে অবহিত করেন যে, প্রাইম মিনিস্টার্স গোল্ডকাপ ঢাকাতে প্রথম উদ্বোধনটি জমকালো ভাবে শুরু করতে হবে। প্রাইম মিনিস্টার্স গোল্ডকাপ ফুটবল প্রতিযোগিতায় মাঠ পর্যায়ে আয়োজনে মাননীয় সংসদ সদস্য, সুশীল সমাজ, রাজনৈতিক ব্যক্তিবর্গ ও জেলা প্রশাসকগণ-কে অন্তর্ভূক্ত করতে হবে এবং তাদেরকে প্রতিযোগিতায় মাঠে উপস্থিতির বিষয়টি নিশ্চিত করতে হবে।

সভায় বিভিন্ন বোর্ডের চেয়ারম্যানগণ জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর অনুষ্ঠান কিভাবে কালারফূল করা যায় সে বিষয়ে ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানীর সাথে আলোচনা করে একটি খসড়া প্লান তৈরী করা যেতে পারে। খেলা শুরুর পূর্বে ট্রপি উম্মোচন করা এবং ট্রপি নিয়ে একটি র‍্যালি করা যেতে পারে। প্রচার প্রচরণা ব্যাপকভাবে চালানোর জন্য গুরুত্ব দেওয়া হয়। লোগো, থিম সং, ট্রপি মাস্কট তৈরী করা যেতে পারে। প্রাইম মিনিস্টার্স গোল্ডকাপ প্রতিযোগিতার জন্য একটি নীতিমালা প্রণয়ন করার বিষয়েও আলোচনা হয়। এছাড়াও প্রাইম মিনিস্টার্স গোল্ডকাপ প্রতিযোগিতার অর্থ সংকুলান/বাজেট বিষয়ে আলোচনা হয়।

**সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়:**

(ক) প্রধানমন্ত্রী প্রাইম মিনিস্টার্স গোল্ডকাপ ফুটবল প্রতিযোগিতা শুরু করা বিষয়ে নীতিগত সিদ্ধান্ত গৃহীত হয়। প্রান্তিক পর্যাযের ক্রীড়া প্রতিযোগিতায় উৎসাহ প্রদানের জন্য মাননীয় মন্ত্রী, উপদেষ্টা, সংসদ সদস্য, সচিব, ক্রীড়া ব্যক্তিত্ব ও সুশীল সমাজের প্রতিনিধিগণ যাতে এ প্রতিযোগিতার বিভিন্ন পর্যায়ে উপস্থিত থাকে সে বিষয়টি নিশ্চিত করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) প্রাইম মিনিস্টার্স গোল্ডকাপ উপলক্ষ্যে ব্যাপক প্রচার প্রচারণা গুরুত্ব সহকারে করতে হবে। ব্যানার, ফেস্টুন, প্রেস কনফারেন্স, র‍্যালী করতে হবে। বিভিন্ন সেলিব্রেটি খেলোয়াড়দের প্রতিযোগিতায় উপস্থিতি নিশ্চিত করতে হবে।

## (১৪) উপজেলা, জেলা ও শিক্ষা অঞ্চল পর্যায়ের কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

### (ক) শিক্ষা অঞ্চল কমিটি

| | | |
|---|---|---|
| ১ | বিভাগীয় কমিশনার (সংশ্লিষ্ট বিভাগ) | প্রধান পৃষ্ঠপোষক |
| ২ | পুলিশ কমিশনার (সংশ্লিষ্ট মহানগরী) | পৃষ্ঠপোষক |
| ৩ | সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের চেয়ারম্যান | সভাপতি |
| ৪ | কলেজ পরিদর্শক, সংশ্লিষ্ট বোর্ড | সদস্য |
| ৫ | বিদ্যালয় পরিদর্শক, সংশ্লিষ্ট বোর্ড | সদস্য |
| ৬* | সরকারি কলেজের অধ্যক্ষের ১ জন প্রতিনিধি | সদস্য |
| ৭* | সরকারি মহিলা কলেজের অধ্যক্ষের ১ জন প্রতিনিধি | সদস্য |
| ৮ | উপ-পরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সংশ্লিষ্ট অঞ্চল) | সদস্য |
| ৯ | উপ-পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সংশ্লিষ্ট অঞ্চল) | সদস্য |
| ১০ | উপপরিচালক (কারিগরি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (সংশ্লিষ্ট অঞ্চল) | সদস্য |
| ১১ | মাদ্রাসা পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (শুধু ঢাকা অঞ্চলের জন্য) | সদস্য |
| ১২ | সিভিল সার্জন এর ১জন প্রতিনিধি | সদস্য |
| ১৩ | জেলা শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট অঞ্চল) ১জন | সদস্য |
| ১৪* | জেলা ক্রীড়া অফিসার- ১ জন | সদস্য |
| ১৫* | সিনিয়র মাদ্রাসার একজন অধ্যক্ষ/সুপার | সদস্য |
| ১৬* | অধ্যক্ষ, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হতে একজন | সদস্য |

| | | |
|---|---|---|
| ১৭* | অধ্যক্ষ, বেসরকারি কলেজ, ১জন | সদস্য |
| ১৮ | শারীরিক শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড) | সদস্য |
| ১৯* | বালক বিদ্যালয়ের একজন প্রধান শিক্ষক | সদস্য |
| ২০* | বালিকা বিদ্যালয়ের একজন প্রধান শিক্ষক | সদস্য |
| ২১* | শারীরিক শিক্ষা শিক্ষক/শরীরচর্চা শিক্ষক (পুরুষ) ১জন | সদস্য |
| ২২* | শারীরিক শিক্ষা শিক্ষক/শরীরচর্চা শিক্ষক (মহিলা) ১জন | সদস্য |
| ২৩ | সাধারণ সম্পাদক, বিভাগীয় ক্রীড়া সংস্থা (সংশ্লিষ্ট অঞ্চল) | সদস্য |
| ২৪ | পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সংশ্লিষ্ট অঞ্চল) | সদস্য সচিব |

* কমিটির সভাপতি মহোদয় সদস্য সচিব এর সহিত পরামর্শ করিয়া মনোনয়ন প্রদান করিবেন।

- ক্রমিক পদবি অনুসারে নয়।

কর্মপরিধি

১. অঞ্চল পর্যায়ের খেলার সুষ্ঠু আয়োজন ও পরিচালনা, আইন শৃঙ্খলা বজায় রাখা এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্য সম্পাদন করা।

২. ফলাফল সংরক্ষণ ও জাতীয় পর্যায়ে চ্যাম্পিয়ন দলের নাম প্রেরণ।

৩. আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ ও জাতীয় কমিটিকে ১কপি প্রেরণ।

৪. কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে।

**(খ) জেলা কমিটি**

| | | |
|---|---|---|
| ১ | মাননীয় সংসদ সদস্য, সংশ্লিষ্ট জেলা সদরের আসন | প্রধান পৃষ্ঠপোষক |
| ২ | চেয়ারম্যান, জেলা পরিষদ | পৃষ্ঠপোষক |
| ৩ | মেয়র, সিটি করর্পোরেশন/পৌরসভা | পৃষ্ঠপোষক |
| ৪ | জেলা প্রশাসক | সভাপতি |
| ৫ | পুলিশ সুপার | সদস্য |
| ৬* | সরকারি কলেজের অধ্যক্ষের ১ জন প্রতিনিধি | সদস্য |
| ৭* | সরকারি মহিলা কলেজের অধ্যক্ষের ১ জন প্রতিনিধি | সদস্য |
| ৮* | সিনিয়র মাদ্রাসার একজন অধ্যক্ষ/সুপার | সদস্য |
| ৯* | অধ্যক্ষ, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হতে একজন | সদস্য |
| ১০* | অধ্যক্ষ, বেসরকারি কলেজ, ১জন | সদস্য |
| ১১ | সিভিল সার্জন বা তাঁহার প্রতিনিধি | সদস্য |
| ১২* | বালক বিদ্যালয়ের একজন প্রধান শিক্ষক | সদস্য |
| ১৩* | বালিকা বিদ্যালয়ের একজন প্রধান শিক্ষক | সদস্য |
| ১৪* | শারীরিক শিক্ষা শিক্ষক/শরীরচর্চা শিক্ষক (পুরুষ) ১জন | সদস্য |
| ১৫* | শারীরিক শিক্ষা শিক্ষক/শরীরচর্চা শিক্ষক (মহিলা) ১জন | সদস্য |
| ১৬ | জেলা ক্রীড়া অফিসার | সদস্য |
| ১৭ | সম্পাদক, জেলা ক্রীড়া সংস্থা | সদস্য |
| ১৮ | জেলা শিক্ষা অফিসার | সদস্য সচিব |

* কমিটির সভাপতি মহোদয় সদস্য সচিব এর সহিত পরামর্শ করিয়া মনোনয়ন প্রদান করিবেন।

- ক্রমিক পদবি অনুসারে নয়।

কর্মপরিধি

১. জেলা পর্যায়ে খেলা সুষ্ঠুভাবে আয়োজন ও পরিচালনা করা এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্য সম্পাদন করা।

২. ফলাফল সংরক্ষণ ও অঞ্চল পর্যায়ে চ্যাম্পিয়ন দলের নাম প্রেরণ।

৩. আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ ও জাতীয় কমিটিকে ১কপি প্রেরণ।

৪. কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে।

**(গ) উপজেলা/থানা কমিটি**

| | | |
|---|---|---|
| ১ | জাতীয় সংসদ সদস্য | প্রধান পৃষ্ঠপোষক |
| ২ | উপজেলা চেয়ারম্যান | পৃষ্ঠপোষক |
| ৩ | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ৪* | সরকারি কলেজের অধ্যক্ষের ১ জন প্রতিনিধি | সদস্য |
| ৫* | মহিলা কলেজের অধ্যক্ষের ১ জন প্রতিনিধি | সদস্য |
| ৬* | সিনিয়র মাদ্রাসার একজন অধ্যক্ষ/সুপার | সদস্য |
| ৭* | অধ্যক্ষ, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হতে একজন | সদস্য |
| ৮* | অধ্যক্ষ, বেসরকারি কলেজ, ১জন | সদস্য |
| ৯ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার ১জন প্রতিনিধি | সদস্য |
| ১০ | অফিসার ইন-চার্জ, উপজেলা/ থানা পুলিশ স্টেশন | সদস্য |
| ১১* | বালক বিদ্যালয়ের একজন প্রধান শিক্ষক | সদস্য |
| ১২* | বালিকা বিদ্যালয়ের একজন প্রধান শিক্ষক | সদস্য |
| ১৩* | শারীরিক শিক্ষা শিক্ষক/শরীরচর্চা শিক্ষক (পুরুষ) ১জন | সদস্য |
| ১৪* | শারীরিক শিক্ষা শিক্ষক/শরীরচর্চা শিক্ষক (মহিলা) ১জন | সদস্য |
| ১৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য সচিব |

* কমিটির সভাপতি মহোদয় সদস্য সচিব এর সহিত পরামর্শ করিয়া মনোনয়ন প্রদান করিবেন।

- ক্রমিক পদবি অনুসারে নয়।

কর্মপরিধি

১. উপজেলা পর্যায়ের খেলা সুষ্ঠুভাবে আয়োজন ও পরিচালনা করা এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্য সম্পাদন করা।

২. ফলাফল সংরক্ষণ ও জেলা পর্যায়ে চ্যাম্পিয়ন দলের নাম প্রেরণ।

৩. আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ ও জাতীয় কমিটিকে ১কপি প্রেরণ।

৪. কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে।

(চ) খসড়া বাজেট তৈরী করার বিষয়ে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) এবং চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকাকে দায়িত্ব প্রদান করা হয়। এই টুর্নামেন্টের যাবতীয় ব্যয়ভার শিক্ষা বোর্ডসমূহ বহন করবেন। অতিরিক্ত অর্থ বরাদ্দ প্রয়োজন হলে মন্ত্রণালয় হতে ব্যবস্থা করা হবে।

(চ) প্রাইম মিনিস্ট্রার্স গোল্ডকাপ প্রতিযোগিতা উপলক্ষ্যে বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার এবং শিক্ষা প্রতিষ্ঠানের সকল পর্যায়ে পত্র দেওয়ার সিদ্ধান্ত হয়।

(ছ) প্রতিষ্ঠান পর্যায়ে খেলা শুরুর আগে একটি প্রেস কনফারেন্স করতে হবে এবং প্রস্তাবিত সময়সূচি এইচ.এস.সি পরীক্ষা শেষ হওয়ার পর উচ্চমাধ্যমিক/সমমান খেলা শুরুর করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

২.০ আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
১২.০৭.২০২৬
(আবদুল খালেক)
সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।

নং- ৩৭.০০.০০০০.০৭১.৯৯.০১৫.২৬-২২৯ .

তারিখ : ২৮ আষাঢ় ১৪৩৩
১২ জুলাই ২০২৬

০১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০২। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৪। যুগ্মসচিব (মাধ্যমিক-১ অনুবিভাগ/কলেজ অনুবিভাগ/সরকারি মাধ্যমিক অধিশাখা/প্রশাসন অধিশাখা/বেসরকারি মাধ্যমিক অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৫। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/কারিগরি শিক্ষা অধিদপ্তর/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
০৬। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/দিনাজপুর/ময়মনসিংহ/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড।
০৭। প্রফেসর মো: নাজমুল হক, পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৮। প্রফেসর মো: সাখাওয়াত হোসেন খান, পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৯। প্রফেসর মোহাম্মদ মনির হোসেন পাটওয়ারীঅর্থ ও ক্রয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৯। পরিচালক (আঞ্চলিক), ঢাকা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ/রংপুর/খুলনা/কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
১০। উপপরিচালক (সা.প্র./শারীরিক শিক্ষা/মাধ্যমিক/কলেজ-১,২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ/ রংপুর/খুলনা/কুমিল্লা অঞ্চল।
১২। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা।
১৩। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, পুরানা পল্টন, ঢাকা।
১৪। নির্বাহী সচিব, বাংলাদেশ স্কাউটস, কাকরাইল, ঢাকা।
১৫। জেনারেল সেক্রেটারি, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন, ঢাকা।
১৬। সেক্রেটারি, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, ঢাকা।
১৭। শারীরিক শিক্ষা অফিসার, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/দিনাজপুর/ময়মনসিংহ/কারিগরি শিক্ষা বোর্ড/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

**<u>অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>**

১। মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
২। উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
৩। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৬। যুগ্মসচিব (মাধ্যমিক-১ অনুবিভাগ), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭। অফিস কপি।

22/07/26

(শিরীন আক্তার)
সিনিয়র সহকারী সচিব